



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

রেজিস্ট্রেশন শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প্রঃ/রেজিঃ/(ডিএমইউ)/২০১৬/০৭/৮৬

তারিখঃ ০৬/০৩/২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে অত্র বোর্ডের অধীন স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-মেডিক্যাল আল্ট্রাসাউন্ড (ডিএমইউ)-এ ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য ওয়েব সাইটের (www.bteb.gov.bd) মাধ্যমে ২০/০৩/২০১৬ হতে ২৪/০৩/২০১৬ তারিখের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করে প্রিন্ট আউট কপি রেজিস্ট্রেশন ফিসহ বোর্ডে দাখিল করতে হবে।

রেজিস্ট্রেশন ফি ২০০.০০ (দুইশত) টাকা, রোভার স্কাউট ফি ১৫.০০ (পনের) টাকাসহ মোট ২১৫.০০ (দুইশত পনের) টাকা প্রতি শিক্ষার্থীর নিকট হতে আদায় করে একটি ব্যাংক ড্রাস্টের মাধ্যমে অনলাইন থেকে সংগ্রহকৃত প্রিন্ট কপি (Hard Copy) এবং ব্যাংক ড্রাস্ট নিম্নে বর্ণিত সময়সূচি মোতাবেক বোর্ডে দাখিল করতে হবে। ব্যাংক ড্রাস্ট সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, আগারগাঁও শাখা, ঢাকা অথবা সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরণী, আগারগাঁও ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

ক্রমিক নং	বিভাগ/ জেলা (প্রতিষ্ঠান)	প্রতিষ্ঠান কর্তৃক ব্যাংক ড্রাস্ট করার তারিখ	প্রিন্ট আউট কপিসহ ব্যাংক ড্রাস্ট জমা দেয়ার তারিখ
০১	সকল প্রতিষ্ঠান	২৭-০৩-২০১৬	৩১-০৩-২০১৬

বিশেষ দৃষ্টব্যঃ

- বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে (Hard Copy) ব্যাংক ড্রাস্ট সহ বোর্ডে প্রেরণের সময় ফরোয়ার্ডিং চিঠির মধ্যে নিম্নের ছক পূরণ করতে হবে।

ক্রমিক নং	শিক্ষাক্রমের নাম	কারিকুলাম কোড	ট্রেডের নাম	ছাত্রছাত্রী সংখ্যা

- (Hard Copy) বোর্ডে জমা দেয়ার সময় ২০১৫-২০১৬ অর্থবছর পর্যন্ত অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্র দাখিল এবং সর্বপ্রথম বোর্ড কর্তৃক অনুমোদন প্রাপ্তির চিঠির ফটোকপি (এ্যাফিলিয়েশন) সংযুক্ত করতে হবে।
- বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে Hard Copy বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে জরিমানা প্রদান বাধ্যতামূলক এবং জরিমানার অর্থ প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে, এর জন্য ছাত্রছাত্রীদের উপর অতিরিক্ত কোন ফি ধার্য করা যাবে না।
- রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যদি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও (www.bteb.gov.bd) দেখা যাবে।

মোঃ নূর-এ-ইলাহী

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(ভোকেশনাল)

ও

উপ-সচিব (রেজিঃ) দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭।

স্মারক নং- বাকাশিবো/প্রঃ/রেজিঃ/(ডিএমইউ)/২০১৬/০৭/৮৬(১৩)

তারিখঃ ০৬/০৩/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, ঢাকা- ১২০৭।

০২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৩। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

(অত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচার করার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো)।

০৭। ড. মোঃ আবু সাঈদ, উপ-পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৮। কারিকুলাম বিশেষজ্ঞ (সর্ট কোর্স) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৯। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১০। অধ্যক্ষ/ পরিচালক/ প্রতিষ্ঠান প্রধান.....

১১। সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ফি গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।

১২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। সংশ্লিষ্ট নথি।



(মোঃ নূর-এ-ইলাহী)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)

ও

উপ-সচিব (রেজিঃ) দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭